

নেকড়ে হবে নেতা !?

দেওয়ান আবদুল বাসেত

চাপলো মাথায় খেয়াল
নেকড়ে নাকি নেতা হবে
ভাঙবে সকল দেয়াল !?

ডাকবে বড়ো 'মিটিং'
নির্বাচনে নিজকে এবার
করতে হবেই 'ফিটিং'!!

হুক্কা হুয়া শোনে-
কেউবা এলো, বাকী যারা
ডাকলো তাদের ফোনে।
বলছে সবে -কী ভাতিজা
ওঠলে কেন ক্ষেপে?
ধরছে কী কেউ চেপে??

-না। না। আমার অন্যকথা
বলতে সবায় চাই,
আমরা সবে সুখে-দুখে
পরস্পরের ভাই।

অনেক ভেবে করছি ঠিক,
পাইছি খুঁজে নতুন দিক।

অত্যাচারী সিংহটাকে
মানবো না আর রাজা!
ঐক্যজোটে আমরা সবে
দেবোই তাকে সাজা!!


মানলে আমায় সবে
দুঃখ যতো ঝরে যাবে
পাখির কলরবে।

এই অভাগার 'ক্রাই'
রাজ পদে ভোট চাই,
পারলে হতে নির্বাচিত
খাইবে 'চিকেন ফ্রাই'!!

সবার জিভে পানি
চলছে কানাকানি।

শিয়ালরা সব ঐক্যজোট,
তারাই দিলো নেকড়ে ভোট।

বন-শিয়ালের দল ভারি,
যোগ দিয়েছে নেকড়ে দলে
বাদ-বাকীরা দল ছাড়ি-
দৌড়ে পালায় গহীণ বন,
বোঝতে পারে দুষ্ক ওরা
ধূর্ত কভু হয় আপন (!?)



ছড়াটির বিষয়বস্তুর সঙ্গে মিল রেখে ছবি একেছে
লুবনা বাসেত বৃষ্টি
অম্বটম শ্রেণী, বাংলাদেশ ইন্সটাঃস্কুল, রিয়াদ।

তারিখঃ ২২নভেম্বর ২০০৮ইং
অগ্রহায়ন ১৪১১বাঙলা